

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ শাখা
www.cabinet.gov.bd

১৯ পৌষ ১৪২০

নম্বর-০৪.০০.০০০০.৪১৬.৩৫.০০১.১৩. ০৪

তারিখ: -----

২ জানুয়ারি ২০১৪


বিষয়: ‘মন্ত্রিপরিষদ সচিব’ পদের নাম যথাযথভাবে লিখন।

মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে পত্রযোগাযোগ এবং অন্যান্য সরকারি কাজে ‘মন্ত্রিপরিষদ সচিব’ পদের নাম যথাযথভাবে লেখার বিষয়ে এ বিভাগের ০৮ এপ্রিল ২০১০ তারিখের ৯৫ সংখ্যক স্মারকে সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছিল। তা সত্ত্বেও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত পত্রে এ সংক্রান্ত ভুলের পুনরাবৃত্তি লক্ষ্য করা যাচ্ছে।

২। উল্লেখ্য, Rules of Business, 1996 (Revised up to July 2012)-এর Rule 17 ও তৎপরবর্তী বিভিন্ন Rule-এ এবং Warrant of Precedence, 1986 (Revised up to December, 2003)-এর ১২ নম্বর ক্রমিকে মন্ত্রিপরিষদ সচিবের পদটিকে ‘Cabinet Secretary’ হিসাবে আখ্যায়িত করা আছে। বাংলায় পদটি **মন্ত্রিপরিষদ সচিব** এবং ইংরেজিতে **Cabinet Secretary** নামে অভিহিত। ঠিকানা লেখার ক্ষেত্রে পদনামের অব্যবহিত পর প্রতিষ্ঠানের নাম হিসাবে বাংলায় মন্ত্রিপরিষদ বিভাগ এবং ইংরেজিতে Cabinet Division লেখা সমীচীন।

৩। রুলস অব বিজনেস এবং সরকারের প্রশাসনিক কাঠামো সম্পর্কে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণের স্পষ্ট ধারণা থাকা বাঞ্ছনীয়।

৪। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ সচিব (Cabinet Secretary) পদের নাম যথাযথভাবে লেখার বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে প্রয়োজনীয় অনুশাসন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



(লুবনা সিদ্দিকী)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০৯৭১

ই-মেইল: general_branch@cabinet.gov.bd

১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

..... মন্ত্রণালয়/বিভাগ

২। বিভাগীয় কমিশনার (সকল)

..... বিভাগ

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব/ অতিরিক্ত সচিব (প্রসওবা)/অতিরিক্ত সচিব (মন্ত্রিসভা ও রিপোর্ট)/অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক), মন্ত্রিপরিষদ বিভাগ

২। যুগ্মসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ

৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ